

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ



Phone: (202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mali: bdoot_pwash@yahoo.com
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C. 20008

04 March 2015

PRESS RELEASE

Ambassador Mohammad Ziauddin meets Congressman Matt Salmon, Chairman of the House Sub-committee on Asia Pacific

Bangladesh Ambassador to the United States Mohammad Ziauddin met the Republican Congressman Matt Salmon, Chairman of the United States House Sub-committee on Asia Pacific at the Capitol Hill, today 4 March 2015.

Discussing the present political situation in Bangladesh, Ambassador Ziauddin said that the present struggle is against the extremists, perpetrators of the crimes against humanity and the anti-liberation forces in Bangladesh.

Ambassador Ziauddin explained the genesis of Bangladesh Awami League as a political party established in late forties soon after the creation of Pakistan. The principal founding pillars of the party were democracy and secularism. It reflected the people's aspiration. In due course the people's party became vibrant under the leadership of the then young and promising leader Sheikh Mujibur Rahman; who subsequently later on led the Bangalee people to their freedom and independence, Ambassador added.

Ambassador said that on the contrary, Bangladesh Nationalist Party (BNP) and Jamaat-e-Islami were created under the patronization of a military ruler after the brutal killing of the Father of Nation. Post 1975, military autocrats systematically provided impunity to the killers of the Father of the Nation and deliberately reinstated the religious and the anti-liberation forces into politics, he added.

Ambassador Ziauddin informed that, on the first anniversary of the 10th Parliamentary Elections on 5 January 2015 the Bangladesh Nationalist Party (BNP) and its ally Jamaat-e-Islami called for non-stop blockades and strikes in the country. They resorted to terrorist acts, bomb blasts and arson attacks as well as attacks on motor vehicles and killing of many innocent people, he added.

Ambassador Ziauddin informed that the present aim of the government to contain the anti-liberation forces and extremists in the country. Government remained committed to ensure law and order and public safety by all means. The people in general have not responded to the BNP-led alliance's violent activities and political programmes and continue with their efforts to go by their daily lives. The law enforcement and security agencies remain on high alert to prevent and pre-empt any form of terrorist act. Particular attention is being given to ensure the protection of the religious minorities from any possible attacks by miscreants, he added.

Bangladesh Ambassador Ziauddin said that the people of Bangladesh are secular and have been living in peace and harmony for centuries. Ambassador informed that the present government

under the Prime Minister Sheikh Hasina has vowed “zero tolerance” against all forms of extremism and terrorism. Bangladesh under the Prime Minister Sheikh Hasina is working closely with its’ neighbors as well as the United States and all other friendly countries to eliminate extremism and terrorism from within its’ borders and beyond.

Ambassador Ziauddin briefed the Congressman about the women empowerment in Bangladesh. He said that the present Government under the Prime Minister Sheikh Hasina adopted liberal and women friendly policies to bring the women in the mainstream.

Ambassador also requested the US government to extend Duty Free Quota Free (DFQF) access to all LDCs including Bangladesh removing the discriminations among the LDCs.

Congressman Matt Salmon, who is a key republican policy maker, assured his best to look at the issue of DFQF and thanked the Ambassador for the detail briefing on the current political situation in Bangladesh. Congressman Matt Salmon assured the Ambassador of all necessary cooperation during his stay in the United States. Counsellor Political Nayem Uddin Ahmed of the Embassy accompanied the Ambassador during the meeting.

Nayem Uddin Ahmed, Counselor (Political) Embassy of Bangladesh, Washington DC 20008,
Phone: 202-244-3838, Fax: 202-244-2771 / 7830, e-mail: bdoot_pwash@yahoo.com/ press.bew@gmail.com



بِسْمِ الرَّحْمَنِ الرَّحِيمِ



Phone: (202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail: bdoot_pwash@yahoo.com
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C. 20008

তারিখ : ০৪ মার্চ ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

কংগ্রেসম্যান ম্যাট স্যালমনের সাথে বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ জিয়াউদ্দিনের সাক্ষাত

অদ্য ৪ঠা মার্চ, যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ জিয়াউদ্দিন রিপাবলিকান কংগ্রেসম্যান ও যুক্তরাষ্ট্র কংগ্রেসের এশিয়া প্যাসিফিক বিষয়ক উপ-কমিটির নব নিযুক্ত সভাপতি ম্যাট স্যালমনের সাথে তাঁর ক্যাপিটোল হিলস্থ কার্যালয়ে সাক্ষাত করেন।

বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি নিয়ে আলাপকালে রাষ্ট্রদূত বলেন যে, এই মুহূর্তে সংগ্রাম কার্যত উগ্রবাদী, যুদ্ধাপরাধী ও স্বাধীনতার বিপক্ষের শক্তির বিরুদ্ধে। রাষ্ট্রদূত জিয়াউদ্দিন কংগ্রেসম্যান স্যালমনকে বলেন যে, রাজনৈতিক দল হিসেবে বাংলাদেশ আওয়ামীলীগের জন্ম হয় চল্লিশ দশকের শেষার্ধ্বে। এই দলের ভিত্তিগত মূলনীতি হলো গণতন্ত্র ও ধর্ম নিরপেক্ষতা। আওয়ামীলীগ রাজনৈতিক দল হিসেবে তৎকালীন পূর্ব পাকিস্তানের জনগণের আশা-আকাঙ্ক্ষা ও ন্যায্য দাবীর প্রতিফলন ঘটিয়েছিলো। পরবর্তীতে সম্ভাবনাময় তরুণ নেতা শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে আওয়ামীলীগ আরো শক্তিশালী ও সুসংহত হয় এবং তারই নেতৃত্বে তৎকালীন পূর্ব-পাকিস্তানের আপামর জনসাধারণ স্বাধীনতা যুদ্ধে ঝাপিয়ে পড়ে।

রাষ্ট্রদূত বলেন যে, অপরদিকে ১৯৭৫ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নিঃশংস হত্যাকাণ্ডের পর সামরিক শাসকদের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এবং জামায়াত ইসলামীর জন্ম হয়। তিনি বলেন যে, ৭৫ পরবর্তী সামরিক শাসকগণ সুচিন্তিতভাবে বঙ্গবন্ধুর হত্যাকারীদের সুরক্ষা প্রদান করেছে এবং ধর্মভিত্তিক রাজনৈতিক দল ও স্বাধীনতার বিপক্ষের শক্তিগুলোকে বাংলাদেশের রাজনীতিতে পুনর্বাসিত করে।

রাষ্ট্রদূত জিয়াউদ্দিন জানান যে, ১০ম সংসদীয় নির্বাচনের এক বছর পূর্তিতে বিএনপি ও তার মিত্র জামায়াত ইসলামী অবিরত অবরোধ ও হরতালের ডাক দেয় এবং সন্ত্রাসী কর্মকাণ্ড, বোমা বিস্ফোরণ, যানবাহনে অগ্নিকাণ্ডের মাধ্যমে নির্বিচারে নিরাপরাধ মানুষ হত্যা করে যাচ্ছে।

রাষ্ট্রদূত জিয়াউদ্দিন বলেন যে, সরকার বর্তমানে স্বাধীনতা বিরোধী এবং উগ্রবাদীদের নির্মূলে বন্ধপরিষ্কার। বর্তমান সরকার আইন-শৃঙ্খলা রক্ষা ও জনগণের নিরাপত্তা বিধানে সকল প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে।

রাষ্ট্রদূত আরো জানান যে, সাধারণ জনগণ বিএনপি ও তার মিত্রদের ধ্বংসাত্মক কার্যক্রম ও রাজনৈতিক কর্মসূচিতে সাড়া দেয়নি উপরন্তু প্রাত্যাহিক নাগরিক কার্যক্রম নিয়ে ব্যস্ত রয়েছে। যে কোন ধরনের সন্ত্রাসী কার্যক্রম প্রতিহত করার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্বোচ্চ সতর্ক অবস্থায় রাখা হয়েছে।

রাষ্ট্রদূত জিয়াউদ্দিন বলেন যে, বাংলাদেশে মানুষ গোড়া থেকেই ধর্মনিরপেক্ষ এবং ঐতিহ্যগতভাবে সকল ধর্মের মানুষ বাংলাদেশে শান্তি এবং সম্প্রীতির সাথে বসবাস করে আসছে। রাষ্ট্রদূত জানান যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার ধর্মীয় উগ্রবাদ ও সন্ত্রাসের বিরুদ্ধে দৃঢ় অবস্থান নিয়েছে। তিনি আরো বলেন যে, বাংলাদেশের প্রতিবেশী দেশ, যুক্তরাষ্ট্র এবং অন্যান্য বন্ধুপ্রতীম রাষ্ট্রকে নিয়ে সন্ত্রাস দমনে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

রাষ্ট্রদূত কংগ্রেসম্যানকে বাংলাদেশে নারীর ক্ষমতায়ন সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার নারীবান্ধব নীতি গ্রহণের মাধ্যমে নারীদেরকে দেশের মূল ধারায় নিয়ে আসতে সক্ষম হয়েছে। এছাড়া রাষ্ট্রদূত জিয়াউদ্দিন যুক্তরাষ্ট্রের বাজারে স্বল্পোন্নত দেশ হিসেবে বাংলাদেশী পন্যের শুল্কমুক্ত ও কোটামুক্ত প্রবেশাধিকার প্রদানের জন্য অনুরোধ জানান।

কংগ্রেসম্যান ম্যাট স্যালমন বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতির বিষয়ে অবহিত করার জন্য রাষ্ট্রদূতকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি শুল্কমুক্ত কোটামুক্ত পন্যের প্রবেশাধিকারের বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনা করবেন বলে আশ্বাস দেন। কংগ্রেসম্যান স্যালমন রাষ্ট্রদূত জিয়াউদ্দিনকে কার্যকালীন সময়ে সকল সম্ভাব্য সহায়তা প্রদানের আশ্বাস প্রদান করেন। বাংলাদেশ দূতাবাসের কাউন্সেলর (রাজনৈতিক) নাসিম উদ্দিন আহমেদ উক্ত বৈঠকে উপস্থিত ছিলেন।